গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো

এবং

সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে

স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ৩

প্রস্তাবনা ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ৮

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ১৪

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ১৫

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ১৬

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ১৭

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Department/Organization)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ অনুযায়ী খনিজ সম্পদের অনুসন্ধান, উত্তোলন ও অপসারণের মাধ্যমে বিএমডির রাজস্ব আদায়ের পরিমাণ উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি পেয়েছে। অবৈধভাবে পাথর, সিলিকা বালু উত্তোলন বন্ধে পরিদর্শন কার্যক্রম জোরদার করা হয়েছে এবং দেশের বিভিন্ন স্থানে অননুমোদিত/অবৈধভাবে উত্তোলিত পাথর ও সিলিকা বালু স্থানীয় প্রশাসনের সহায়তায় জব্দপূর্বক উন্মুক্ত নিলামের মাধ্যমে বিক্রয় কার্যক্রম অব্যাহত রয়েছে। স্মার্ট বাংলাদেশে রূপান্তরের অংশ হিসাবে খনিজ সম্পদ উন্নয়ন (বিএমডি)-এর সকল নাগরিক সেবাসমূহকে ডিজিটাল সেবায় পরিবর্তন করা হয়েছে। সিলিকা বালু কোয়ারিসমূহ ইতোমধ্যে সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে পাইলটিং শেষে চূড়ান্তভাবে বাস্তবায়ন করা হয়েছে। অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা হতে প্রাপ্ত বার্ষিক ফি; কোয়ারি ইজারা প্রদানের মাধ্যমে প্রাপ্ত ইজারামূল্য, খনি থেকে উত্তোলিত কয়লা ও কঠিন শিলা রয়্যালটি এবং পাথর ও সিলিকা বালু উন্মুক্ত নিলামে বিক্রয়ের মাধ্যমে গত তিন বছরে সর্বমোট ২৩৯.২৬ (দুইশত উনচল্লিশ দশমিক দুই ছয়) কোটি টাকা রাজস্ব আদায় করে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

বাংলাদেশে প্রাপ্ত খনিজ সম্পদসমূহ অধিকাংশই সীমান্তবর্তী অঞ্চলসমূহে অবস্থিত। বিএমডির নিজস্ব এবং আঞ্চলিক অফিস নেই। এছাড়া বিএমডির জনবল স্বল্পতা প্রকট। আঞ্চলিক অফিস এবং পর্যাপ্ত জনবল না থাকায় খনি ও কোয়ারিসমূহের সুষ্ঠু ব্যবস্থাপনা করা কঠিন ও কষ্টসাধ্য বিষয়। কোয়ারিসমূহ হতে অননুমোদিত/অবৈধভাবে খনিজ সম্পদ উত্তোলন করা হলেও পরিদর্শনকালে অবৈধ কার্যক্রম পরিচালনাকারীদের পাওয়া যায়না। ফলে তাঁদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করাও সম্ভব হয়না। বিধি প্রয়োগের সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ হতে যথাসময়ে সহায়তা না পাওয়ার জন্যও লাইসেন্স/ইজারা মঞ্জুরীতে দীর্ঘসূত্রিতা তৈরি হয়। কখনও কখনও মামলাজনিত জটিলতার কারণেও ইজারা প্রদান কার্যক্রম ব্যহত হয়। খনি ও কোয়ারিসমূহের সুষ্ঠু ব্যবস্থাপনা ও সরকারের রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষ্যে বিএমডির আঞ্চলিক অফিস স্থাপন ও জনবল বৃদ্ধি করা এবং মামলাজনিত জটিলতা দূর করে দ্রুত ইজারা প্রদান করাই বিএমডির সবচেয়ে বড় চ্যালেঞ্জ।

ভবিষ্যৎ পরিকল্পনা:

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর বিদ্যমান চ্যালেঞ্জসমূহ মোকাবেলা করে জ্বালানি ও খনিজ সম্পদ খাতে বিএমডিকে একটি আধুনিক ও গতিশীল রাজস্ব আদায়কারী প্রতিষ্ঠান হিসাবে গড়ে তোলার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আগামী ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যকে সামনে রেখে জনগণের দোরগোড়ায় সহজ ও দ্রুততম সময়ে সেবা প্রদানের নিমিত্ত বিএমডির সকল নাগরিক সেবাকে ডিজিটাল/অনলাইন সেবার আওতায় নিয়ে আসা হয়েছে। বর্তমান অনলাইনভিত্তিক সেবাসমূহকে আরও যুগোপযোগী করার পরিকল্পনা রয়েছে। খনিজ সম্পদ অনুসন্ধান, উত্তোলন/আহরণ কার্যক্রমের সুষ্ঠু ব্যবস্থাপনা এবং সরকারের রাজস্ব আদায় বৃদ্ধি করার লক্ষ্যে বিএমডির জনবল বৃদ্ধিসহ বর্তমান সাংগঠনিক কাঠামো সম্প্রসারণ ও খনিজ সম্পদ সমৃদ্ধ বিভাগীয় শহরগুলোতে আঞ্চলিক অফিস স্থাপনের পরিকল্পনা রয়েছে।

২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- অধিক্ষেত্র অনুযায়ী খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি) এর উপর অর্পিত দায়িত্ব প্রতিপালন ও যথাযথভাবে কার্যক্রম সম্পাদন;
- খনিজ সম্পদের উন্নয়ন, নিয়ন্ত্রণ ও সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে জাতীয় অর্থনীতিতে অবদান রাখা;
- জনবল নিয়োগ ও প্রশিক্ষণের মাধ্যমে মানব সম্পদের উন্নয়ন ত্বরান্বিতকরণ;
- এপিএর লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজস্ব ৭৫.০০ (পঁচাত্তর) কোটি টাকা আদায়/অর্জন।

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো

এবং

সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে ২০২৩ সালের জুন মাসের ২৫ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

খনিজ সম্পদের উন্নয়ন, নিয়ন্ত্রণ ও সুষ্ঠু ব্যবস্থাপনা।

১.২ অভিলক্ষ্য (Mission)

খনি ও খনিজ (তেল ও গ্যাস ব্যতীত) সম্পদের বিভিন্ন উৎস অনুসন্ধান, উন্নয়ন, আহরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণের মাধ্যমে দারিদ্র্য ও ক্ষুধামুক্ত দেশ গঠন, শিল্পায়ন, টেকসই অবকাঠামো উন্নয়ন/নির্মাণ এবং জ্বালানি নিরাপত্তা অর্জনে সহায়ক ভূমিকা পালন।

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. খনিজ সম্পদের বিভিন্ন উৎস অনুসন্ধান, উন্নয়ন, আহরণ ও ব্যবস্থাপনা
২. খনিজ সম্পদ খাত হতে রয়্যালটি, ইজারামূল্য ও অন্যান্য রাজস্ব আদায়করণ
৩. বিএমডির জনবল বৃদ্ধিসহ সাংগঠনিক কাঠামো পরিবর্তন
৪. স্মার্ট মানব সম্পদ তৈরি।

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি (Functions)

১. দেশে প্রাপ্ত খনিজ সম্পদ (তেল ও গ্যাস ব্যতীত) এর সার্বিক ব্যবস্থাপনাসহ অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারি ইজারা প্রদান;
২. অর্থনৈতিকভাবে গুরুত্বপূর্ণ খনিজসমৃদ্ধ এলাকার রেকর্ড সংরক্ষণ;
৩. লাইসেন্স/ইজারার আবেদন গ্রহণ ও পরীক্ষণ;
৪. আগ্রহী প্রার্থীর অনুকূলে লাইসেন্স/ইজারা মঞ্জুর করা;
৫. মঞ্জুরকৃত লাইসেন্স/ইজারার রেকর্ড সংরক্ষণ;
৬. খনি কার্যক্রমের অগ্রগতি ও লাইসেন্স/ইজারাগ্রহীতা কর্তৃক বিধিবিধান প্রতিপালন সম্পর্কে তদন্ত করা;
৭. বিধিবিধান অমান্যকারীদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ;
৮. দেশের খনিজ সম্পদ, তার ব্যবহার ও রপ্তানির (যদি থাকে) রেকর্ড সংরক্ষণ;
৯. খনিজ সংক্রান্ত আইন ও বিধিবিধান প্রণয়ন ও সংশোধনে পরামর্শ প্রদান; এবং
১০. খনিজের রয়্যালটি ও অন্যান্য রাজস্ব নির্ধারণ ও আদায়।

সেকশন ২
বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০২১-২২	প্রকৃত অর্জন* ২০২২-২৩	লক্ষ্যমাত্রা ২০২৩-২৪	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২৪-২০২৫	২০২৫-২০২৬		
খনিজ সম্পদ খাতে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি	১.১.১ অনুসন্ধান লাইসেন্স/কোয়ারি ইজারা প্রদানকৃত	সংখ্যা	৫	১	২	২	৩	পরিবেশ অধিদপ্তর ও সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়	বিএমডির চার্টার অব ডিউটি, ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা
	১.১.২ অবৈধভাবে উত্তোলিত/জব্দকৃত খনিজ নিলামে বিক্রয়কৃত	সংখ্যা	৫	৩	২	২	৩	সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়	খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২
খনিজ সম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণ	১.২.১ খনি এলাকা পরিদর্শনকৃত	সংখ্যা	২	৩	২	২	৩	বিসিএমসিএল, এমজিএমসিএল	খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২
	১.২.২ পাথর ও সিলিকা বালু কোয়ারি এলাকা পরিদর্শনকৃত	সংখ্যা	৮	১০	১২	১২	১৪	সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়	খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২
	১.২.৩ সাদামাটি কোয়ারি এলাকা পরিদর্শনকৃত	সংখ্যা	২	২	৩	৪	৪	সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়	খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২
	১.২.৪ অনুসন্ধান লাইসেন্সকৃত এলাকা পরিদর্শনকৃত	সংখ্যা	২	৩	২	২	৩	বিসিএমসিএল, সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়	খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২
খনিজ সম্পদ খাত হতে রাজস্ব আয় বৃদ্ধি	২.১.১ বিসিএমসিএল ও এমজিএমসিএল এর উৎপাদন রিপোর্টের ভিত্তিতে রয়্যালটি নির্ধারণকৃত	সংখ্যা	৮	৬	৮	৮	৮	বিসিএমসিএল ও এমজিএমসিএল	খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২
	২.১.২ খনি হতে রয়্যালটি আদায়কৃত	কোটি টাকা	৭৯.২১	৮৩.২১	৭২	৭৬	৮০	বিসিএমসিএল, এমজিএমসিএল ও হিসাবরক্ষণ অফিসের প্রত্যয়নপত্র	খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২
	২.১.৩ ইজারামূল্য, বার্ষিক ফি ও অন্যান্য রাজস্ব আদায়কৃত	কোটি টাকা	১০	৩.২১	৩	৪	৬	বিসিএমসিএল, এমজিএমসিএল ও হিসাবরক্ষণ অফিসের প্রত্যয়নপত্র	খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২

ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০২১-২২	প্রকৃত অর্জন* ২০২২-২৩	লক্ষ্যমাত্রা ২০২৩-২৪	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২৪-২০২৫	২০২৫-২০২৬		
নাগরিক সেবার মান বৃদ্ধি	৩.১.৩ খসড়া সাংগঠনিক কাঠামো উর্ধ্বতন অফিসে প্রেরিত	তারিখ			১০-১২-২০২৩			জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়	৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, ২য় প্রেক্ষিত পরিকল্পনা
	৩.২.১ অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর এর ০৫ টি পদের নাম পরিবর্তনের প্রস্তাব উর্ধ্বতন অফিসে প্রেরিত	তারিখ			২৭-০৮-২০২৩			জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়	৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, ২য় প্রেক্ষিত পরিকল্পনা
	৩.২.২ অফিস সহায়ক এর ০৫ টি পদ আউটসোর্সিং হতে রাজস্ব খাতে স্থানান্তরের লক্ষ্যে উর্ধ্বতন অফিসে প্রস্তাব প্রেরিত	তারিখ			২৭-০৮-২০২৩			জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়	৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, ২য় প্রেক্ষিত পরিকল্পনা
সেবাগ্রহীতা কর্তৃক দ্রুত ও সহজে সেবা প্রাপ্তি নিশ্চিতকরণ	৪.১ E-Licence & Lease Management সফটওয়্যার এবং সমসাময়িক প্রযুক্তি বিষয়ে শিখন সেশন আয়োজিত	সংখ্যা			৪	৬	৮		বিএমডির অফিস আদেশ/প্রশিক্ষণ নোটিশ

*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩
কর্মসম্পাদন পরিকল্পনা

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২১-২২	প্রকৃত অর্জন* ২০২২-২৩	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪					প্রক্ষেপণ ২০২৪-২০২৫	প্রক্ষেপণ ২০২৫-২০২৬
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] খনিজ সম্পদের বিভিন্ন উৎস অনুসন্ধান, উন্নয়ন, আহরণ ও ব্যবস্থাপনা	২৫	[১.১] অনুসন্ধান লাইসেন্স, কোয়ারি ইজারা প্রদান এবং অবৈধভাবে উত্তোলিত/জব্দকৃত খনিজ নিলামে বিক্রয়	[১.১.১] অনুসন্ধান লাইসেন্স/কোয়ারি ইজারা প্রদানকৃত	সমষ্টি	সংখ্যা	৫	৫	১	৩	২	১			৪	৪
			[১.১.২] অবৈধভাবে উত্তোলিত/জব্দকৃত খনিজ নিলামে বিক্রয়কৃত	সমষ্টি	সংখ্যা	৫	৫	৩	৪	৩	২	১		৫	৬
		[১.২] সরেজমিন পরিদর্শন	[১.২.১] খনি এলাকা পরিদর্শনকৃত	সমষ্টি	সংখ্যা	৩	৪	৪	৪	৩	২	১		৫	৬
			[১.২.২] পাথর ও সিলিকা বালু কোয়ারি এলাকা পরিদর্শনকৃত	সমষ্টি	সংখ্যা	৫	৮	১০	১২	১০	৮	৬	৪	১২	১৪
			[১.২.৩] সাদামাটি কোয়ারি এলাকা পরিদর্শনকৃত	সমষ্টি	সংখ্যা	৩	২	২	৩	২	১			৩	৪
			[১.২.৪] অনুসন্ধান লাইসেন্সকৃত এলাকা পরিদর্শনকৃত	সমষ্টি	সংখ্যা	৪	২	৩	২	১				২	৩
[২] খনিজ সম্পদ খাত হতে রয়্যালটি, ইজারামূল্য ও অন্যান্য রাজস্ব আদায়করণ	২৩	[২.১] রয়্যালটি ও অন্যান্য রাজস্ব আদায়	[২.১.১] বিসিএমসিএল ও এমজিএমসিএল এর উৎপাদন রিপোর্টের ভিত্তিতে রয়্যালটি নির্ধারণকৃত	সমষ্টি	সংখ্যা	৫	৮	৬	৮	৬	৪	২	১	৮	৮
			[২.১.২] খনি হতে রয়্যালটি আদায়কৃত	ক্রমপুঞ্জিভূত	কোটি টাকা	১২	৭৯.২১	৮৩.২১	৭২.০০	৬৮	৬৫	৬০	৫৫	৭৬	৮০
			[২.১.৩] ইজারামূল্য, বার্ষিক ফি ও অন্যান্য রাজস্ব আদায়কৃত	ক্রমপুঞ্জিভূত	কোটি টাকা	৬	১০	৩.২১	৩	২	১	০.৭৫	০.৫০	৪	৬

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২১-২২	প্রকৃত অর্জন* ২০২২-২৩	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪					প্রক্ষেপণ ২০২৪-২০২৫	প্রক্ষেপণ ২০২৫-২০২৬
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[৩] বিএমডির জনবল বৃদ্ধিসহ সাংগঠনিক কাঠামো পরিবর্তন	১২	[৩.১] সাংগঠনিক কাঠামো পরিবর্তনের জন্য উর্ধ্বতন অফিসে প্রস্তাব প্রেরণ	[৩.১.১] নতুন সাংগঠনিক কাঠামো প্রণয়নের জন্য কমিটি গঠিত	তারিখ	তারিখ	১			১০.০৮.২৩	১৭.০৮.২৩	২৪.০৮.২৩	৩১.০৮.২৩	০৭.০৯.২৩		
			[৩.১.২] কমিটি কর্তৃক খসড়া সাংগঠনিক কাঠামো প্রণয়নপূর্বক দাখিলকৃত	তারিখ	তারিখ	৫			৩০.১১.২৩	০৭.১২.২৩	১৪.১২.২৩	২১.১২.২৩	২৮.১২.২৩		
			[৩.১.৩] খসড়া সাংগঠনিক কাঠামো উর্ধ্বতন অফিসে প্রেরিত	তারিখ	তারিখ	২			১০.১২.২৩	১৭.১২.২৩	২৪.১২.২৩	৩১.১২.২৩	০৭.০১.২৪		
		[৩.২] নিয়োগ সংক্রান্ত কার্যক্রম	[৩.২.১] অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর এর ০৫ টি পদের নাম পরিবর্তনের প্রস্তাব উর্ধ্বতন অফিসে প্রেরিত	তারিখ	তারিখ	২			২৭.০৮.২৩	০৩.০৯.২৩	১০.০৯.২৩	১৭.০৯.২৩	২৪.০৯.২৩		
			[৩.২.২] অফিস সহায়ক এর ০৫ টি পদ আউটসোর্সিং হতে রাজস্ব খাতে স্থানান্তরের লক্ষ্যে উর্ধ্বতন অফিসে প্রস্তাব প্রেরিত	তারিখ	তারিখ	২			২৭.০৮.২৩	০৩.০৯.২৩	১০.০৯.২৩	১৭.০৯.২৩	২৪.০৯.২৩		

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২১-২২	প্রকৃত অর্জন* ২০২২-২৩	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪					প্রক্ষেপণ ২০২৪-২০২৫	প্রক্ষেপণ ২০২৫-২০২৬
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[৪] স্মার্ট মানব সম্পদ তৈরি।	১০	[৪.১] E-Licence & Lease Management সফটওয়্যার এবং সমসাময়িক প্রযুক্তি বিষয়ক শিখন সেশন আয়োজন	[৪.১.১] শিখন সেশন আয়োজনকৃত	সমষ্টি	সংখ্যা	৪			৪	৩	২	১		৫	৬
		[৪.২] অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজন	[৪.২.১] জনবল প্রশিক্ষিত	ক্রমপুঞ্জিভূত	জনঘন্টা	৬			৪০	৩৫	৩২	৩০	২৮	৪৫	৫০

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২১-২২	প্রকৃত অর্জন* ২০২২-২৩	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪					প্রক্ষেপণ ২০২৪-২০২৫	প্রক্ষেপণ ২০২৫-২০২৬
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ	৩০	[১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৪									
		[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									
		[১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									

*সাময়িক (provisional) তথ্য

আমি, মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় হিসাবে মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

মহাপরিচালক খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো	২৫/০৬/২০২৩ তারিখ
সচিব জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়	২৫/৬/২০২৩ তারিখ

সংযোজনী-১

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	APA	Annual Performance Agreement
২	BMD	Bureau of Mineral Development
৩	GSB	Geological Survey of Bangladesh
৪	PI	Performance Indicator
৫	SIP	Small Improvement Project
৬	এপিএ	এ্যানুয়াল পারফরমেন্স এগ্রিমেন্ট (বার্ষিক কর্মসম্পাদন চুক্তি)
৭	এসআইপি	স্মল ইমপ্রুভমেন্ট প্রজেক্ট (ক্ষুদ্র উন্নয়ন কর্মসূচি)
৮	জিএসবি	জিওলজিক্যাল সার্ভে অব বাংলাদেশ (বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর)
৯	পিআই	পারফরমেন্স ইন্ডিকেটর (কর্মসম্পাদন সূচক)
১০	বিএমডি	ব্যুরো অব মিনারেল ডেভেলপমেন্ট (খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো)

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[১.১] অনুসন্ধান লাইসেন্স, কোয়ারি ইজারা প্রদান এবং অবৈধভাবে উত্তোলিত/জব্দকৃত খনিজ নিলামে বিক্রয়	[১.১.১] অনুসন্ধান লাইসেন্স/কোয়ারি ইজারা প্রদানকৃত	খনি ও খনিজ শাখা	মঞ্জুরিপত্র
	[১.১.২] অবৈধভাবে উত্তোলিত/জব্দকৃত খনিজ নিলামে বিক্রয়কৃত	খনি ও খনিজ শাখা	কার্যাদেশ
[১.২] সরেজমিন পরিদর্শন	[১.২.১] খনি এলাকা পরিদর্শনকৃত	খনি ও খনিজ শাখা	পরিদর্শন প্রতিবেদন
[১.২] সরেজমিন পরিদর্শন	[১.২.২] পাথর ও সিলিকা বালু কোয়ারি এলাকা পরিদর্শনকৃত	খনি ও খনিজ শাখা	পরিদর্শন প্রতিবেদন
	[১.২.৩] সাদামাটি কোয়ারি এলাকা পরিদর্শনকৃত	খনি ও খনিজ শাখা	পরিদর্শন প্রতিবেদন
	[১.২.৪] অনুসন্ধান লাইসেন্সকৃত এলাকা পরিদর্শনকৃত	খনি ও খনিজ শাখা	পরিদর্শন প্রতিবেদন
[২.১] রয়্যালটি ও অন্যান্য রাজস্ব আদায়	[২.১.১] বিসিএমসিএল ও এমজিএমসিএল এর উৎপাদন রিপোর্টের ভিত্তিতে রয়্যালটি নির্ধারণকৃত	খনি ও খনিজ শাখা	জারিকৃত পত্র
	[২.১.২] খনি হতে রয়্যালটি আদায়কৃত	প্রশাসন/অর্থ ও পরিকল্পনা, খনি ও খনিজ শাখা	রাজস্ব আদায় সংক্রান্ত বিএমডি/হিসাবরক্ষণ অফিসের প্রত্যয়ন
	[২.১.৩] ইজারামূল্য, বার্ষিক ফি ও অন্যান্য রাজস্ব আদায়কৃত	প্রশাসন/অর্থ ও পরিকল্পনা, খনি ও খনিজ শাখা	রাজস্ব আদায় সংক্রান্ত বিএমডি/হিসাবরক্ষণ অফিসের প্রত্যয়ন
[৩.১] সাংগঠনিক কাঠামো পরিবর্তনের জন্য উর্ধ্বতন অফিসে প্রস্তাব প্রেরণ	[৩.১.১] নতুন সাংগঠনিক কাঠামো প্রণয়নের জন্য কমিটি গঠিত	প্রশাসন/অর্থ ও পরিকল্পনা	কমিটি গঠনের আদেশ
	[৩.১.২] কমিটি কর্তৃক খসড়া সাংগঠনিক কাঠামো প্রণয়নপূর্বক দাখিলকৃত	প্রশাসন/অর্থ ও পরিকল্পনা	দাখিলকৃত প্রতিবেদন
	[৩.১.৩] খসড়া সাংগঠনিক কাঠামো উর্ধ্বতন অফিসে প্রেরিত	প্রশাসন/অর্থ ও পরিকল্পনা	উর্ধ্বতন অফিসে প্রেরিত পত্র
[৩.২] নিয়োগ সংক্রান্ত কার্যক্রম	[৩.২.১] অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর এর ০৫ টি পদের নাম পরিবর্তনের প্রস্তাব উর্ধ্বতন অফিসে প্রেরিত	প্রশাসন/অর্থ ও পরিকল্পনা	উর্ধ্বতন অফিসে প্রেরিত পত্র
	[৩.২.২] অফিস সহায়ক এর ০৫ টি পদ আউটসোর্সিং হতে রাজস্ব খাতে স্থানান্তরের লক্ষ্যে উর্ধ্বতন অফিসে প্রস্তাব প্রেরিত	প্রশাসন/অর্থ ও পরিকল্পনা	উর্ধ্বতন অফিসে প্রেরিত পত্র
[৪.১] E-Licence & Lease Management সফটওয়্যার এবং সমসাময়িক প্রযুক্তি বিষয়ক শিখন সেশন আয়োজন	[৪.১.১] শিখন সেশন আয়োজনকৃত	প্রশাসন/অর্থ ও পরিকল্পনা	অফিস আদেশ, উপস্থিতি শিট
[৪.২] অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজন	[৪.২.১] জনবল প্রশিক্ষিত	প্রশাসন/অর্থ ও পরিকল্পনা	অফিস আদেশ, উপস্থিতি শিট

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট	সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল
অনুসন্ধান লাইসেন্স, কোয়ারি ইজারা প্রদান এবং অবৈধভাবে উত্তোলিত/জব্দকৃত খনিজ নিলামে বিক্রয়	অনুসন্ধান লাইসেন্স/কোয়ারি ইজারা প্রদানকৃত	স্থানীয় প্রশাসন (সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়)	ইমেইল/টেলিফোন/মোবাইল/ই-নথির মাধ্যমে পত্র প্রেরণ
অনুসন্ধান লাইসেন্স, কোয়ারি ইজারা প্রদান এবং অবৈধভাবে উত্তোলিত/জব্দকৃত খনিজ নিলামে বিক্রয়	অবৈধভাবে উত্তোলিত/জব্দকৃত খনিজ নিলামে বিক্রয়কৃত	স্থানীয় প্রশাসন (সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়)	ইমেইল/টেলিফোন/মোবাইল/ই-নথির মাধ্যমে পত্র প্রেরণ
সরেজমিন পরিদর্শন	খনি এলাকা পরিদর্শনকৃত	বিসিএমসিএল, এমজিএমসিএল	ইমেইল/টেলিফোন/মোবাইল/ই-নথির মাধ্যমে পত্র প্রেরণ
সরেজমিন পরিদর্শন	পাথর ও সিলিকা বালু কোয়ারি এলাকা পরিদর্শনকৃত	স্থানীয় প্রশাসন (সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়)	ইমেইল/টেলিফোন/মোবাইল/ই-নথির মাধ্যমে পত্র প্রেরণ
সরেজমিন পরিদর্শন	সাদামাটি কোয়ারি এলাকা পরিদর্শনকৃত	স্থানীয় প্রশাসন (সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়)	ইমেইল/টেলিফোন/মোবাইল/ই-নথির মাধ্যমে পত্র প্রেরণ
সরেজমিন পরিদর্শন	অনুসন্ধান লাইসেন্সকৃত এলাকা পরিদর্শনকৃত	স্থানীয় প্রশাসন (সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়)	ইমেইল/টেলিফোন/মোবাইল/ই-নথির মাধ্যমে পত্র প্রেরণ
রয়্যালটি ও অন্যান্য রাজস্ব আদায়	খনি হতে রয়্যালটি আদায়কৃত	পেট্রোবাংলা, বিসিএমসিএল, এমজিএমসিএল	ইমেইল/টেলিফোন/মোবাইল/ই-নথির মাধ্যমে পত্র প্রেরণ
রয়্যালটি ও অন্যান্য রাজস্ব আদায়	ইজারামূল্য, বার্ষিক ফি ও অন্যান্য রাজস্ব আদায়কৃত	পেট্রোবাংলা, বিসিএমসিএল, এমজিএমসিএল	ইমেইল/টেলিফোন/মোবাইল/ই-নথির মাধ্যমে পত্র প্রেরণ
সাংগঠনিক কাঠামো পরিবর্তনের জন্য উর্ধ্বতন অফিসে প্রস্তাব প্রেরণ	খসড়া সাংগঠনিক কাঠামো উর্ধ্বতন অফিসে প্রেরিত	জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়	ইমেইল/ই-নথির মাধ্যমে পত্র প্রেরণ

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ